

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ৩৭০-আইন/২০২৬।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ২৮১-আইন/২০২৬ দ্বারা সিলেট জেলার জৈন্তাপুর উপজেলাধীন জৈন্তাপুর পৌরসভা গঠনের লক্ষ্যে জৈন্তাপুর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পন্ন করিয়া সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, সরকার, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা:—

(২৬২১৭)

মূল্য : টাকা ৪০.০০

তফসিল

ক্র. নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
০১	১ নং নিজপাট	ডিবি হাওর	১৫	১ হতে ২১৯ পর্যন্ত
০২		ঘিলাতৈল	১৬	১ হতে ৪৩২ পর্যন্ত
০৩		গৌরিশংকর	১৭	১ হতে ৪২৪ পর্যন্ত
০৪		নিজপাট	১৮	১ হতে ১২০৮ পর্যন্ত
০৫		পূর্ব লক্ষীপ্রসাদ	৩৯	১ হতে ৬৯৬ পর্যন্ত
০৬		গুয়াবাড়ী	৪০	১ হতে ৪৯৯ পর্যন্ত
০৭	২ নং জৈন্তাপুর	কেন্দ্রী হাওড়	১৪	১ হতে ৩০১ পর্যন্ত
০৮		মোয়াখাই	১৯	১ হতে ৪৩৪ পর্যন্ত
০৯		লামনীগ্রাম	২০	১ হতে ৭৮৭ পর্যন্ত
১০		মুত্তাপুর	২১	১ হতে ২৯৫ পর্যন্ত
১১		বিরাইমারা হাওর	২২	১ হতে ৪৫৫ পর্যন্ত
১২		ভিত্রিখেল	২৮	১ হতে ১৭২৫ পর্যন্ত

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশফিকুন নাহার, পিএইচডি
উপসচিব।